২২

তারিখ ... 05 MAY [illegible]
পৃষ্ঠা ৮ ... কলাম ৬

দৈনিক ইত্তেফাক

## একই রোল নম্বরে দুই এসএসসি পরীক্ষার্থী!

কুড়িগ্রাম সংবাদদাতা ॥ চলতি বছর এসএসসি পরীক্ষায় রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের খামখেয়ালিপনার কারণে উলিপুর পরীক্ষা কেন্দ্রের একই রোলনম্বরধারী দুইজন পরীক্ষার্থীকে পরীক্ষা দিতে হইতেছে। অভিযোগে জানা গিয়াছে, উলিপুর থানার বকসীগঞ্জ উচ্চ বিদ্যালয়ের সাধারণ বিজ্ঞান বিভাগের ছাত্র মোঃ ইউনুস আলী ও মণ্ডলহাট উচ্চ বিদ্যালয়ের ছাত্রী রেহানা পারভীন (২০২১০১) উভয়েই এই রোল নম্বরটি লইয়া পরীক্ষা দিতেছে। বাংলা দ্বিতীয়পত্র পরীক্ষা চলাকালীন সময়ে বিষয়টি ধরা পড়ে। সেন্টার কর্তৃপক্ষ বিষয়টি রাজশাহী মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যানকে জানাইয়াছেন।